বিল্ডিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভিলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (২৪ সেপ্টেম্বর ২০২৬)

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: গোদাগাড়ী **জেলা: রাজশাহী**
তারিখ: ২৪-০৯-২০২৬ **বুলেটিন নম্বর: ১৮৫**
গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ২১.০৯.২০২৬ থেকে ২৩.০৯.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	২১-০৯-২০২৬	২২-০৯-২০২৬	২৩-০৯-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০-৫	০-৬	০-৩৭
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩৫	৩৫	৩৫
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৬	২৬	২৫
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৭২	৭২	৮১
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১১	১১	২০
বাতাসের দিক	উত্তর –পশ্চিম	উত্তর –পশ্চিম	দক্ষিণ –পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ২৪.০৯.২০২৬ থেকে ২৭.০৯.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	২৪-০৯-২০২৬	২৫-০৯-২০২৬	২৬-০৯-২০২৬	২৭-০৯-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	৩-২৯	০-৪১	০-৯	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩০	৩২	৩২	৩২
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৪	২৪	২৪	২৩
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৮৭	৮৫	৮৬	৮৫
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	২৮	৩২	২৮	১৮
বাতাসের দিক	দক্ষিণ –পূ:	দক্ষিণ –পূ:	দক্ষিণ –পূ:	দক্ষিণ –পশ্চিম

Source: https://usf.bmd.gov.bd/

সময়কাল: ২৪ সেপ্টেম্বর ২০২৬ – ২৭ সেপ্টেম্বর

আম:

- অগামী চারদিনে হালকা থেকে মাঝারী ও মাঝারী ধরণের ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। ফল সংগ্রহের পর থেকে শীত শুরুর আগ পর্যন্ত সময়টি আম গাছ ছাঁটাইয়ের উপযুক্ত সময়। শুকনো, রোগাক্রান্ত ও একে অপরের সঙ্গে ঘষা লাগা ডাল কেটে গাছের ভেতরে আলো-বাতাস চলাচলের ব্যবস্থা করুন। বৃষ্টির দিনে ছাঁটাই করবেন না; শুষ্ক ও রৌদ্রোজ্জ্বল দিনে এই কাজ করুন এবং বড় ডাল কাটলে কাটা স্থানে বোর্দো পেস্ট বা অনুমোদিত ছত্রাকনাশক পেস্ট লাগিয়ে দিন। নতুন লাগানো চারায় শুধু মরা ডাল ছাঁটাই করুন।

মিষ্টিকুমড়া:

- অগামী চারদিনে হালকা থেকে মাঝারী ও মাঝারী ধরণের ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এই সময়ে চারা ১–২ সপ্তাহ বয়সী, তাই জলাবদ্ধতা সবচেয়ে বড় ঝুঁকি। মাদার চারপাশে ও জমির ঢালু দিকে নালা কেটে রাখুন, নিচু জমিতে বাড়তি পানি বের করার বিকল্প নালা তৈরি রাখুন। একটানা বৃষ্টি ও জলাবদ্ধতায় **গোড়া পচা ও ঢলে পড়া রোগ** রোগ দ্রুত বাড়ে। প্রতিদিন বৃষ্টির বিরতিতে ক্ষেত দেখুন, আক্রান্ত চারা তুলে ক্ষেতের বাইরে সরিয়ে ফেলুন যাতে রোগের সংক্রমণ সুস্থ গাছে না ছড়ায়। বৃষ্টির দিনগুলোতে সার ও কীটনাশক প্রয়োগ করবেন না।